ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



রণবীরের সঙ্গে সম্পর্কে থেকেও অনেক পুরুষের সঙ্গে মিশেছি : দীপিকা

পৃঃ ৫



শচীনকে ছাড়িয়ে নতুন রেকর্ড করলেন কোহলি

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Gov of India Reg No : WB18D0018520 (UAN) ● Website : https://epaper.newssaradin.live/ বর্ষ ঃ ২ সংখ্যা ঃ ৩০১ ● কলকাতা ● ১৯ কার্ত্তিক, ১৪৩০ ● সোমবার ● ০৬ নভেম্বর, ২০২৩ পৃষ্ঠা - ৬ ২ টাকা

## পুর দুর্নীতিতে ১ নম্বরে কামারহাটি!

## প্রথম দশের বিস্ফোরক তালিকা সামনে আনল ইডি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নিয়োগ দুর্নীতির তদন্তে নেমে পুর নিয়োগ দুর্নীতির হদিস পায় কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। এর পরই আদালতের নির্দেশে ময়দানে নামে ইডি , সিবিআই। গত মাসে পুরসভা নিয়োগ দুর্নীতিতে রাজ্যের একাধিক জায়গায় চলে তল্লাশি। পুরমন্ত্রী ফিরহাদ হাকিম, মদন মিত্রের বাড়িতেও চলে তল্লাশি। এনফোর্সমেন্ট ডিরেক্টরেট সূত্রে দাবি, দুর্নীতির প্রথম সারিতে থাকা পুরসভার মধ্যে অধিকাংশই উত্তর ২৪ পরগনার। এই সকল পুরসভায় রাজনৈতিক প্রভাব খাটিয়ে অনেক বেশি কর্মী নিয়োগ করা হয়েছে বলে অভিযোগ। ইডি সূত্রে খবর বেনিয়মে নিয়োগ হওয়া এই রকম দেড় হাজার কর্মীর খোঁজ তাদের হাতে এসেছে। একাধিক পুরসভার থেকে নথিও চেয়ে পাঠানো হয়। এরই মধ্যে সেই তালিকায় যুক্ত হল আরও ১০ পুরসভা।

পুর নিয়োগ দুর্নীতিতে রাজ্যের ১০ পুরসভা নতুন করে ইডির স্ক্যানারে। সূত্রের খবর, কর্মী নিয়োগে অনিয়মের অভিযোগে প্রথমে রাজ্যের ৬০-৭০টি পুরসভাকে চিহ্নিত করা হয়। তারপর সেই সব পুরসভার আধিকারিক, চেয়ারম্যান সহ গ্রুপ সি ও ডি কর্মীদের ডেকে দফায় দফায় জিজ্ঞাসাবাদ করা হয়। সেই সব তথ্যের সূত্র

এরপর ৩ পাতায়

## ভোটপ্রচারে গিয়ে বিনামূল্যে রেশনের ঘোষণা,

## মোদির বিরুদ্ধে বিধিভঙ্গের অভিযোগ তৃণমূলের




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিনামূল্যে রেশন প্রকল্পের ঘোষণা ভোটপ্রচারে গিয়ে কেন? তাও আদর্শ আচরণবিধি কার্যকর থাকাকালীন! প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বিরুদ্ধে নির্বাচনী বিধিভঙ্গের অভিযোগ তুলে কমিশনে নালিশ জানাল তৃণমূল। রাজ্যসভার সাংসদ সাকেত গোখলে প্রধানমন্ত্রীর বিরুদ্ধে অভিযোগ জানিয়ে কমিশনে চিঠি লিখেছেন।বস্তুত বিধানসভা ভোটের প্রচারে গিয়ে মোদির এ হেন ঘোষণায় আপত্তি তুলেছে প্রায় সব বিরোধী দলই। তাদের বক্তব্য, ভোটমুখী রাজ্যে এভাবে প্রকল্প ঘোষণা করতে পারেন না প্রধানমন্ত্রী। তৃণমূল সোজা অভিযোগ জানাল কমিশনে। শনিবার ছত্তিশগড়ের দুর্গের এক জনসভায় প্রধানমন্ত্রী বলেন,'আমি ঠিক করেছি বিজেপি সরকার দেশের ৮০ কোটির বেশি দরিদ্র মানুষকে বিনামূল্যে রেশন দেওয়ার প্রকল্পের সময়সীমা আরও ৫ বছর বাড়িয়ে দেবে। মানুষের ভালোবাসা এবং আশীর্বাদ সব সময় আমাকে পবিত্র সিদ্ধান্ত নেওয়ার শক্তি দেয়।' মোদির ঘোষণার অর্থ, প্রধানমন্ত্রী গরিব কল্যাণ অন্ন যোজনা যা কিনা কোভিড পরবর্তী সময়ে দেশবাসীকে আর্থিকভাবে স্বস্তি দেওয়ার জন্য শুরু হয়েছিল, সেটা চলবে ২০২৯ সাল পর্যন্ত। তৃণমূল সাংসদ সাকেত গোখলের বক্তব্য, এটা একটা সরকারি ঘোষণা। যা হওয়া উচিত সরকারি স্তরে। যে কোনও জায়গা থেকে যে কোনও মন্ত্রী এটা করতে পারতেন। কিন্তু প্রধানমন্ত্রী সেটা করলেন ছত্তিশগড়ের একটি ভোটপ্রচারের সভায়। আদর্শ আচরণবিধি অনুযায়ী, ভোট ঘোষণা হয়ে গেলে কোনও রাজ্যে এই ধরনের সরকারি প্রকল্পের ঘোষণা করা যায় না। এতে ভোটাররা প্রভাবিত হতে পারেন। তৃণমূল সাংসদ জানিয়েছেন, তিনি মোদির বিরুদ্ধে বিধিভঙ্গের অভিযোগ তুলে কমিশনকে চিঠি লিখেছেন।


## এ জে সি বোস রোডের বহুতলে

## এখনও তল্লাশিতে ইডি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** গ্রেফতার প্রাক্তন খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক, জেলে বাকিবুর রহমান। রেশন দুর্নীতি মামলায় জোরকদমে তদন্ত চালাচ্ছে এনফোর্সমেন্ট ডাইরেক্টরেট। দিনে দিনে আরও বাড়ছে তদন্তের গতি। শনিবার দিনভর বেশ কয়েকটি জায়গায় একযোগে তল্লাশি চালায় এই কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। ইতিমধ্যে যে ক'টি জায়গা থেকে তদন্তকারীরা বেরিয়ে গিয়েছেন, সেখান থেকে বিভিন্ন নথিপত্র এই অফিসে থাকা তদন্তকারীদের কাছে পাঠানো হয়েছে।তারপর থেকে ২২ ঘণ্টা কেটে গেলেও এখনও জোরকদমে চলছে তল্লাশি অভিযান। এখনও বিভিন্ন নথিপত্র খতিয়ে দেখা হচ্ছে। এখনও সেখানেই রয়েছেন ইডির তদন্তকারীরা। সূত্রের খবর, এখানেই রয়েছেন সংস্থার মালিক অঙ্কিত চন্দ্র। তাঁকেও অফিসের ভিতরে একাধিক নথিপত্র দেখিয়ে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে বলে সূত্রের খবর। ইতিমধ্যে যে ক'টি জায়গা থেকে তদন্তকারীরা বেরিয়ে গিয়েছেন, সেখান থেকে বিভিন্ন নথিপত্র এই অফিসে থাকা তদন্তকারীদের কাছে পাঠানো হয়েছে। সেগুলির সঙ্গে এই অফিসে থাকা নথিপত্র গুলিকে মিলিয়ে দেখা হচ্ছে বলে খবর।সেগুলির সঙ্গে এই অফিসে থাকা নথিপত্র গুলিকে মিলিয়ে দেখা হচ্ছে বলেই সূত্রের খবর। শনিবারই আচার্য জগদীশ চন্দ্র বসু রোডের একটি বহুতলের ছ'তলায় তল্লাশিতে যান তদন্তকারীরা।



## ১০ কোটি টাকার সোনা

# পাচারের চেষ্টা বানচাল




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ফের পাচারকারীদের ধরে ফেললেন বিএসএফ জওয়ানরা। নিত্যদিন চোরাচালানকারীদের হাতেনাতে ধরে ফেলেন বিএসএফ জওয়ানরা। এবারও তার অন্যথা হল না। উত্তর ২৪ পরগনার বাগদায় ১৬ কেজি ৭০ গ্রাম বিদেশি সোনা উদ্ধার করেন তাঁরা। যার আনুমানিক বাজারমূল্য ১০ কোটি ২৫ লক্ষ টাকা।ওই ব্যক্তিকে তল্লাশি করতেই দেখা যায় তাঁর কোমরে বাঁধা কাপড়ের বেল্টের ভিতর থেকে ১৭টি সোনা। জওয়ানরা সোনা বাজেয়াপ্ত করার পাশাপাশি বাইক চালককেও গ্রেফতার করে। বিএসএফ সূত্রে খবর, অভিযুক্তের নাম আজর মণ্ডল। তাঁর বাড়ি সীমান্তবর্তী রাজকোল গ্রাম এলাকায়। বিএসএফ সূত্রে খবর, বাগদার সীমাচৌকি এলাকার ৬৮ ব্যাটালিয়নের জওয়ানদের কাছে আগে থেকেই খবর ছিল বর্ডার এলাকায় চোরাচালান ঘটতে চলেছে।সেই মতো আগে থেকেই প্রস্তুতি নিয়েছিলেন তাঁরা। এরপর রবিবার সকালে রাস্তার পাশে দু'টি দল সন্দেহজনকভাবে ঘোরাঘুরি করেছিল। সঙ্গে একটি বাইকও ছিল। এরপর বাইক আরোহী কাছে এলে জওয়ানরা তাঁকে থামিয়ে জিজ্ঞাসাবাদ করেন। তখনই জওয়ানদের বুঝতে বাকি থাকে না কিছুই।

অভিযুক্ত ব্যক্তি জিজ্ঞাসাবাদের সময় জওয়ানদের জানায়, তিনি একজন দরিদ্র ব্যক্তি। ফুল চাষ করাই তাঁর পেশা। তবে গত ছ'মাস এই পাচারের সঙ্গে জড়িত। সোনা পাচার নিয়ে বলতে গিয়ে আজর জানান, ওই ব্যক্তি বাংলাদেশের মাটিলা গ্রামের বাসিন্দা আলম মণ্ডল নামে এক ব্যক্তির কাছ থেকে এই জিনিসগুলি নিয়েছিল। সোনার বার বনগাঁর এক পাচারকারীকে হস্তান্তর করতে যাচ্ছিল। কিন্তু পথে তল্লাশির সময় সীমান্ত নিরাপত্তা বাহিনীর জওয়ানরা সোনা সহ তাঁকে আটক করে।

## দিদি-কে খুনের

# 'সুপারি' দিল খোদ ভাই



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শিউরে ওঠার মত ঘটনা মালদহে। ভাইফোঁটার আগে দিদিকে খুনের ছক খোদ ভাইয়ের। পাঁচ লক্ষ টাকায় দিদিকে খুনের সুপারি দিতে গিয়ে পুলিশের জালে ভাই। ধৃত ভাই শশাঙ্ক সিংহ মালদহের গাজোলের কলাইবাড়ি এলাকার বাসিন্দা। প্রাথমিক জিজ্ঞাসাবাদে অভিযোগ স্বীকার করেছে ধৃত যুবক। ভাইয়ের এমন কাণ্ডে হতবাক দিদিও।পুলিশ সূত্রে জানা গিয়েছে, 'টার্গেট' দিদি একজন বিধবা মহিলা। স্বামী স্কুল শিক্ষক ছিলেন। ওই মহিলা নিজেও সরকারি চাকরি করেন। তাঁর একমাত্র ছেলে শারীরিকভাবে সম্পূর্ণ সুস্থ নয়। প্রাথমিকভাবে পুলিশের ধারণা, এই অসহায়তার সুযোগ নিয়েছিল ধৃত যুবক। তাকে জেরা করে আরও তথ্য পাওয়ার চেষ্টা চলছে। এভাবে কার্যত প্রাণ রক্ষার জন্য পুলিশকে ধন্যবাদ জানিয়েছেন মহিলাও। প্রাথমিক ঘোর কাটিয়ে ভাইয়ের বিরুদ্ধে পুলিশে অভিযোগ জানিয়েছেন তিনি।

পুলিশের প্রাথমিক তদন্তে উঠে এসেছে বেশকিছু চাঞ্চল্যকর তথ্য। পুলিশ জানিয়েছে, ভাইকে ব্যবসার জন্য ধাপে ধাপে প্রায় ১৫ লক্ষ টাকা ঋণ দিয়েছিলেন দিদি।ব্যবসায়িক লোকসানের জন্য দিদিকে টাকা ফেরত দিতে পারেনি ভাই শশাঙ্ক। পাশাপাশি দিদির বিপুল সম্পত্তির উপরেও নজর ছিল অভিযুক্ত ভাইয়ের। যে-কোনওভাবে সম্পত্তি হাতানোর ছক ছিল। এই কারণেই দিদিকে সরানোর ছক কষে গুণধর ভাই।গাজোল থেকে কালিয়াচকে এসে খুনের সুপারি দেওয়ার সময় গোপন সূত্রে খবর পায় পুলিশ। দিদিকে খুনের সুপারি দেওয়ার চেষ্টা হচ্ছে তখনও জানতে পারেনি পুলিশ। পুলিশের কাছে খবর আসে, এক যুবক কোনও মহিলাকে খুনের জন্য পাঁচ লক্ষ টাকার সুপারি দিচ্ছে। বিষয়টি জানার পর সক্রিয় পুলিশ ট্র্যাক করে ধরে ফেলে শশাঙ্ককে। 'টার্গেট'মহিলার পরিচয় জানতে শুরু হয় জিজ্ঞাসাবাাদ। প্রথমে পুলিশের জেরায় মুখ খুলতে চায়নি শশাঙ্ক। এরপর দীর্ঘ জেরার পরে ভেঙে পড়ে সে। জানায়, দিদিকে খুনের পরিকল্পনার কথা। এরপর 'টার্গেট' দিদিকে থানায় নিয়ে আসে পুলিশ। মুখোমুখি বসিয়ে দু'জনকে জিজ্ঞাসাবাদ করা হয়। অপরাধের বিষয়টি নিশ্চিত হতেই শশাঙ্ককে গ্রেফতার করে পুলিশ। ধৃত যুবককে মালদহ আদালতে তুলে জিজ্ঞাসাবাদের জন্য সাত দিনের হেফাজতে নেওয়া হয়েছে।

## খাস কলকাতায়

# এবার একাকী বৃদ্ধার উপর হামলা





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** খাস কলকাতায় এবার একাকী বৃদ্ধার উপর হামলা, সোনার গয়না লুঠ! গাড়ির চালককে গ্রেফতার করল পুলিস। চাঞ্চল্য টালিগঞ্জের চারু মার্কেট এলাকায়।তখন বিকেল। বাড়িতে আসে গাড়ির চালক শেখ বাবলু। অভিযোগ, জল খাওয়ার নাম করে তিনতলায় মিতার ঘরে ঢোকেন তিনি। ওই বৃদ্ধাকে বেধড়ক করে সমস্ত গয়না লুঠ করে নেয়! তারপর? আওয়াজ শুনে বাড়ির পরিচারিকাকে বিষয়টি জানান এক প্রতিবেশী। উপরে ওঠে তাঁরা দেখেন, অন্য একটি ঘরে অচৈতন্য অবস্থায় পড়ে রয়েছেন বৃদ্ধা। ততক্ষণে অবশয় চম্পট দিয়েছে অভিযুক্ত।পুলিস সূত্রে খবর, চারু মার্কেট থানা এলাকার কেপি রায় লেনের বাসিন্দা বছর সত্তরের মিতা সাহা। বাড়ির তিনতলায় একাই থাকেন তিনি, আর নীচের তলায় ছেলে, বউমা ও নাতি-নাতনি। স্বামী-স্ত্রী দু'জনেই চাকরি করেন। রোজই সকালে বেরিয়ে যান তাঁরা। ঠিক যেমন গিয়েছিলেন গতকাল, শনিবার।

## কোন ডাক্তার মমতার চিকিৎসায় ছিলেন?

# নাম ও রেজিস্ট্রেশন চেয়ে আর টি আই চিঠি স্বাস্থ্য দফতরে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দিন কয়েক আগে নিজের ভুল চিকিৎসার অভিযোগ তুলেছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় । যা নিয়ে শোরগোল। কোনও হাসপাতালের নাম উল্লেখ না করকেও রাজ্যের প্রথম সারির সরকারি হাসপাতালে এসএসকেএম এই তৃণমূল সুপ্রিমোর চিকিৎসা চলেছিল। তা মুখ্যমন্ত্রীর আঙ্গুল যে এস এস কে এম এর দিকেই ছিল সেকথা বুঝতে বাকি নেই কারও।এর আগে মুখ্যমন্ত্রী চিকিৎসা নিয়ে কোনও প্রশ্ন তুলেছিলেন কিনা, আর সম্প্রতি 'ভুল চিকিৎসা' নিয়ে অভিযোগ তোলার পর এসএসকেএম হাসপাতাল কিংবা স্বাস্থ্য দফতরের তরফে নতুন করে কোনও তদন্ত শুরু হয়েছে কি না এসব জানতে চাওয়া হয়েছে। যদি তদন্ত হচ্ছে তাহলে সেক্ষেত্রে সেই কমিটিতে কারা কারা রয়েছেন, সেই তথ্যও চাওয়া হয়েছে।এই আবহেই এবার আরটিআই আবেদন নিয়ে স্বাস্থ্য দফতরে চিঠি পাঠাল এক স্বেচ্ছাসেবী সংস্থা।

জানা যাচ্ছে, তথ্যের অধিকার আইনে রাজ্য স্বাস্থ্য দফতরে চিঠি পাঠিয়ে মুখ্যমন্ত্রীর কী ধরনের চিকিৎসা হয়েছে, সেই সম্পর্কে বিস্তারে জানতে চেয়েছে চিকিৎসা পরিষেবা নিয়ে আন্দোলনে যুক্ত একটি স্বেচ্ছাসেবী সংস্থা। দলনেত্রীর চিকিৎসায় যে সকলের চিকিৎসকরা যুক্ত ছিলেন তাদের নাম ও রেজিস্ট্রেশন নম্বর জানতে চাওয়া হয়েছে আর টি আই এর মাধ্যমে। মুখ্যমন্ত্রীর চিকিৎসার জন্য কোনও মেডিক্যাল বোর্ড গঠন করা হয়েছিল কি না? হয়ে থাকলে তাতে যেসব চিকিৎসকেরা যুক্ত ছিলেন তাদের নাম ও রেজিস্ট্রেশন নম্বরও জানাতে বলা হয়েছে। মুখ্যমন্ত্রীর কী কী বায়োকেমিক্যাল ও মাইক্রোবায়োলজিক্যাল পরীক্ষা হয়েছিল, সেই বিষয়েও জানতে চাওয়া হয়েছে।

প্রসঙ্গত, বুধবার নবান্নের সাংবাদিক বৈঠক থেকে মুখ্যমন্ত্রী বলেছিলেন, "প্রায় ১০-১২ দিন মত আমার আইভি ইঞ্জেকশন চলেছে। কারণ ভুল ট্রিটমেন্টের জন্য আমার পায়ের ইনফেকশনটা সেপটিকের মতো হয়ে গিয়েছিল।'' মুখ্যমন্ত্রীর এই মন্তব্যের পরই শোরগোল পড়ে যায় রাজ্যে।

## সংস্কৃত ভাষা চর্চা ও প্রসারে

# রামকৃষ্ণ মিশনের নব উদ্যোগ






**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সংস্কৃত ভাষা চর্চা ও প্রসারের উদ্দেশ্যে বেলুড় মঠের রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ বিশ্ববিদ্যালয় এক সর্বাত্মক কর্মসূচি গ্রহণ করেছে। বিশ্ববিদ্যালয়ের মেধা ভবনে আজ এক আলোচনা সভায় উপাচার্য স্বামী আত্মপ্রিয়ানন্দ মহারাজ এব্যাপারে একটা রূপরেখা তুলে ধরেন। তিনি বলেন পৃথিবীর সকল ভাষার মধ্যে সংস্কৃত একমাত্র স্বয়ংসম্পূর্ণ। লিখিত রূপের সঙ্গে তার উচ্চারণগত কোন পার্থক্য নেই। সকল বিদ্যার জ্ঞান ভাণ্ডার এই ভাষা। সংস্কৃত ভাষা চর্চা না হলে ভারতীয় সংস্কৃতি রক্ষা করা যাবে না বলেও তিনি মন্তব্য করেন। ভারতীয়দের মধ্যে পুনরায় ব্যাপক জ্ঞান চর্চার প্রয়োজনে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে তাই অনলাইন ও অফ লাইনে সংস্কৃত ভাষা শিক্ষার ব্যবস্থা করা হয়েছে। যেকোন বয়সের শিক্ষার্থী এই পাঠক্রমে অংশগ্রহণ করতে পারবেন। এছাড়া উচ্চ মাধ্যমিক উত্তীর্ণ ছাত্রদের জন্য বি,এ; এম,এ; এবং গবেষণার সুযোগ রয়েছে। বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত বিভাগের প্রধান অধ্যাপক স্বামী জপসিদ্ধানন্দ মহারাজ জানান যে, সেপ্টেম্বর ও অক্টোবর মাসে রাজ্যের বিভিন্ন জেলায় তিন দিনের সংস্কৃত শিক্ষা শিবির অনুষ্ঠিত হয়। এই শিবির গুলিতে ছাত্র ছাত্রী সহ অন্যান্য পেশার মানুষও অংশগ্রহণ করেন। আসন্ন উচ্চ মাধ্যমিক পরীক্ষার পর ছাত্র ও অভিভাবকদের নিয়ে একটি কাউন্সিলিংয়ের আয়োজন করা হবে বলে এই সভায় ঘোষণা করেন। এই আলোচনা সভায় রামকৃষ্ণ মিশনের সঙ্গে যুক্ত পনেরটি জেলার প্রায় একশো প্রতিনিধি উপস্থিত ছিলেন।

## লোকসভা নির্বাচনের আগে জঙ্গলমহলে

# জাতিসত্তার আন্দোলনে সরব সদগোপরা



**অরূপ ঘোষ, ঝাড়গ্রাম: নিউজ সারাদিন :** এক গোষ্ঠী থেকে অন্যতে, এক সম্প্রদায় থেকে অন্য সম্প্রদায়ে - জাতিসত্তার আন্দোলন ক্রমেই প্রসারিত হচ্ছে জঙ্গলমহলে। লোকসভা ভোটের আগে জাতিসত্তার দাবিটিকে আরও জোরালভাবে প্রশাসনের নজরে আনতে এ বার পথে নামছেন সদগোপ সম্প্রদায়। নিজেদের অধিকার বুঝে নিতে রবিবার সদ গোপ সমাজ একত্রিত হয়েছিলেন গোপীবল্লভপুরের হাতিবাড়ি এলাকার এক অথিতি শালায়। রবিবার ঝাড়গ্রাম জেলার হাতিবাড়ি এলাকায় এই আলোচনা সভার আয়োজন করা হয়। ঝাড়খন্ড রাজ্যের সদগোপ সমাজের সভাপতি রণজিৎ বালা জানান,অন্যান্য রাজ্যে আমরা ওবিসি তালিকা ভুক্ত হলেও বাংলায় হয়নি। বাংলায় তালিকা ভুক্ত না হওয়ার জন্য কেন্দ্রীয় সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। আজকের এই আলোচনা সভায় আগামী দিনের রূপরেখা ও পশ্চিমবঙ্গের রাজ্য কমিটি গঠন করা হলো। রবিবার নয় জনের একটি কমিটি গঠন হয় এদিন । সাদগোপ সমজের পক্ষ থেকে কমিটির সদস্য অবনী ঘোষ জানালেন, আমরা প্রাথমিক ভাবে জেলায় একটি কমিটি গঠন হলো। আগামীদিনে আমরা জেলায় একটি সম্মেলন করবো। এবং আগামীদিনে আমরা রাজ্য কমিটি গঠন হবে। লোকসভা নির্বাচনেরর আগে জঙ্গল মহলে একের পর এক আন্দোলন সংগঠিত হচ্ছে তাতে বোঝাই যাচ্ছে আগামী দিনে শাসক দল যথেষ্ট চাপে পড়তে চলেছে। একদিকে কুড়মি জাতির আন্দোলন তো চলছেই অন্যদিকে আগামী ৮ তারিখ ভূমিজ রস জেলা দশকের কার্যালয় ঘেরাও করার ডাক দিয়েছে। এগুলোর মধ্যেই মাথা চাড়া দিয়ে উঠল সদগোপ সমাজ।

চুক্তিভিত্তিক মার্কেটিং জানার সাংবাদিক নিয়োগ করা হবে।
সব রাজ্যে,
সব জেলা ও মহকুমাতে।
যে সব মার্কেটিং জানা সাংবাদিকরা কাগজের সঙ্গে যুক্ত হতে ইচ্ছুক ,
যোগাযোগ করুন ৯৫৬৪৩৮২০৩১

১-ম পাতার পর

# পুর দুর্নীতিতে ১ নম্বরে কামারহাটি! প্রথম দশের বিস্ফোরক তালিকা সামনে আনল ইডি

ধরেই এই ১০টি পুরসভার নাম উঠে আসে।
প্রাথমিক তদন্তের পর ইডি জানতে পারে এই ১০টি পুরসভায় সর্বাধিক অনিয়মের অভিযোগ উঠেছে। কোন কোন পুরসভায় সর্বাধিক দুর্নীতি হয়েছে সেই তালিকাও সামনে এসেছে। ইডি সূত্রে খবর, দুর্নীতির তালিকায় শীর্ষে রয়েছে কামারহাটি পুরসভা। এরপরই রয়েছে বর্ধমান, নিউ বারাকপুর, বারাকপুর, পানিহাটি পুরসভা। ইতিমধ্যেই ইডি পৌরনিগম দফতরের কাছে এই দশটি পৌরসভা সংক্রান্ত বিভিন্ন তথ্য ফের চেয়ে পাঠিয়েছে। অন্যদিকে এই পুরসভা গুলির বেশিরভাগই উত্তর ২৪ পরগনার হওয়ায় এই পুরসভাগুলিতে রেশন দুর্নীতিতে ধৃত মন্ত্রী তথা তৃণমূল জেলা সভাপতি জ্যোতিপ্রিয় মল্লিকেরও বেশ প্রভাব ছিল বলেই মনে করা হচ্ছে। তবে এখনও পুর নিয়োগ দুর্নীতির সঙ্গে রেশন দুর্নীতির যোগের কোনও তথ্য সামনে আসেনি।

# পেঁয়াজের সাম্প্রতিক মূল্যবৃদ্ধির পরিপ্রেক্ষিতে এনসিসিএফ, নাফেড, কেন্দ্রীয় ভাণ্ডার এবং রাজ্য সমবায়গুলির মাধ্যমে কেজি প্রতি ২৫ টাকা দরে পেঁয়াজ বিক্রির সিদ্ধান্ত




**নয়াদিল্লি, ৪ নভেম্বর, ২০২৩ : নিউজ সারাদিন :** মজুতভাণ্ডার থেকে খুচরো কেজি প্রতি ২৫ টাকা দরে পেঁয়াজ বিক্রির সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্রীয় সরকার। সাম্প্রতিককালে বাজারে পেঁয়াজের অত্যধিক মূল্যবৃদ্ধির পরিপ্রেক্ষিতে জরুরি ভিত্তিতে ভর্তুকি দিয়ে এই পেঁয়াজ বিক্রির সিদ্ধান্ত গ্রহণ করা হয়। প্রধানত খরিফ মরশুমের ফলন বিলম্বিত হওয়ায় পেঁয়াজের এই মূল্যবৃদ্ধি বলে মনে করা হচ্ছে।
সরকার গৃহীত সিদ্ধান্ত অনুসারে এনসিসিএফ, নাফেড, কেন্দ্রীয় ভাণ্ডার এবং রাজ্য সমবায়গুলির মাধ্যমে কেজি প্রতি ২৫ টাকা দরে সাধারণের কাছে পেঁয়াজ বিক্রি করা হবে। এজন্য কাজে লাগানো হবে মোবাইল ভ্যানগুলিকেও। গত ২ নভেম্বর পর্যন্ত ৩২৯টি খুচরো বিক্রয় কেন্দ্র চিহ্নিত করেছে নাফেড। দেশের ২১টি রাজ্যের ৫৫টি শহরে স্থায়ী বিক্রয় কেন্দ্র এবং অস্থায়ী মোবাইল ভ্যান থেকে এই পেঁয়াজগুলি জনসাধারণের কাছে পৌঁছে দেওয়া হবে। অন্যদিকে, দেশের ২০টি রাজ্যের ৫৪টি শহরে ৫৫৭টি খুচরো বিক্রয় কেন্দ্রের মাধ্যমে পেঁয়াজ বিক্রি করবে এনসিসিএফ। দিল্লি এবং জাতীয় রাজধানী অঞ্চলে গত ৩ নভেম্বর থেকে এইভাবে পেঁয়াজ বিক্রি শুরু হয়েছে। নির্দিষ্ট খুচরো বিক্রয় কেন্দ্রগুলি ছাড়াও সফল মাদার ডেয়ারি থেকে এই পেঁয়াজ বিক্রি করা হবে। তেলেঙ্গানা সহ দেশের দক্ষিণাঞ্চলের রাজ্যগুলির পক্ষ থেকে ইতিমধ্যেই এই পেঁয়াজ জনসাধারণের মধ্যে বিপণনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বিপণনের দায়িত্ব বহন করছে হায়দরাবাদ কৃষি সমবায় সমিতি (এইচএসিএ)।
রবি ও খরিফ শস্য মরশুমে দামের এই ওঠা-নামা নিয়ন্ত্রণে সরকার রবি মরশুমে উৎপাদিত পেঁয়াজের মজুতভাণ্ডার গড়ে তোলার কাজ অব্যাহত রেখেছে। বিগত আর্থিক বছরে, অর্থাৎ ২০২২-২৩ সালে পেঁয়াজ সংগ্রহের পরিমাণ ২.৫ লক্ষ মেট্রিক টন থেকে ৭ লক্ষ মেট্রিক টনে উন্নীত করা হয়েছে। এ পর্যন্ত মোট ৫.০৬ লক্ষ মেট্রিক টন পেঁয়াজ সংগৃহীত হয়েছে। বাকি ২ লক্ষ মেট্রিক টন সংগ্রহের কাজ চলছে।
সরকার গৃহীত পদক্ষেপের দ্রুত সুফল মিলতেও শুরু করেছে বলে সংশ্লিষ্ট সূত্রে প্রকাশ। আগামী সপ্তাহ থেকে বাজারে পেঁয়াজের দাম আরও হ্রাস পাবে বলে মনে করা হচ্ছে।
প্রসঙ্গত উল্লেখ করে যেতে পারে যে এ বছর জুনের শেষ সপ্তাহে বাজারে টোম্যাটোর মূল্য যখন হঠাৎ করে বাড়তে শুরু করে, তখন জরুরি পদক্ষেপ গ্রহণ করে টোম্যাটো উৎপাদক কর্ণাটক, অন্ধ্রপ্রদেশ এবং মহারাষ্ট্রের মতো রাজ্যগুলি থেকে সরকার টোম্যাটো সংগ্রহ করে সাধারণ ক্রেতাদের কাছে উচ্চ ভর্তুকি দিয়ে বিক্রির সিদ্ধান্ত গ্রহণ করেছিল। কেজি প্রতি ৯০ টাকা থেকে পরে তা কেজি প্রতি ৪০ টাকা দরে বিক্রি করা হয়। খোলা বাজারে আগস্টের প্রথম সপ্তাহে টোম্যাটোর কিলো প্রতি মূল্য ছিল ১৪০ টাকার মতো। কিন্তু, সরকার গৃহীত বিশেষ পদক্ষেপের সুবাদে সেপ্টেম্বরের প্রথম সপ্তাহে টোম্যাটোর দাম হ্রাস পেয়ে দাঁড়ায় কেজি প্রতি ৪০ টাকা। এখানে আরও একটি উল্লেখ করার মতো বিষয় হল, অধিকাংশ ভারতীয় পরিবারগুলিতে পুষ্টির মূল উৎস হল ডালশস্য। সাধারণ পরিবারগুলির কাছে ন্যায্য ও সুলভ মূল্যে ডাল পৌঁছে দিতে সরকার কেজি প্রতি ৬০ টাকা দরে 'ভারত ডাল'-এর প্যাকেট পৌঁছে দেওয়ার কাজ শুরু করে। ৩০ কেজির 'ভারত ডাল'-এর প্যাকেটের দাম রাখা হয় কেজি প্রতি ৫৫ টাকা। সাধারণ ক্রেতা ছাড়াও সেনাবাহিনী এবং কল্যাণমূলক কর্মসূচির আওতাভুক্ত সুফলগ্রহীতাদের কাছেও এই ডাল সরবরাহ করা হয়। সরকারি এই কর্মসূচির সঙ্গে যুক্ত করা হয় নাফেড, এনসিসিএফ, কেন্দ্রীয় ভাণ্ডার, সফল মাদার ডেয়ারি এবং রাজ্য নিয়ন্ত্রিত তেলেঙ্গানা ও মহারাষ্ট্রের সমবায়গুলিকেও। আগামীদিনগুলিতে আরও বেশি পরিমাণে 'ভারত ডাল' সরবরাহ করার জন্য বিশেষ পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে বলেও জানা গেছে। দেশের ক্রেতা সাধারণের কাছে ৪ লক্ষ টনেরও বেশি 'ভারত ডাল' পৌঁছে দেওয়া হবে।

# ভিজিল্যান্স অ্যাওয়ারনেস উইকের মধ্যেই ৪৯তম প্রতিষ্ঠা দিবস পালন করল কোল ইন্ডিয়া

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সেন্ট্রাল ভিজিল্যান্স কমিশনের নির্দেশিকা অনুযায়ী সমগ্র পূর্বাঞ্চল জুড়ে পালিত হচ্ছে ভিজিল্যান্স অ্যাওয়ারনেস উইক ২০২৩ বা সতর্কতা সচেতনতা সপ্তাহ। কোল ইন্ডিয়া লিমিটেডেও পালিত হল সেই অনুষ্ঠান। ৩০ অক্টোবর থেকে পালিত হচ্ছে একাধিক কর্মসূচি। প্রসঙ্গত, ভিজিল্যান্স অ্যাওয়ারনেস উইকের মধ্যেই ৪৯তম প্রতিষ্ঠা দিবস পালন করল কোল ইন্ডিয়া। ১ নভেম্বর ছিল কোল ইন্ডিয়ার প্রতিষ্ঠা দিবস।যা শেষ হল রবিবার ৫ নভেম্বরে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সেন্ট্রাল ভিজিল্যান্স কমিশনার প্রবীণ কুমার শ্রীবাস্তব, কোল ইন্ডিয়ার চেয়ারম্যান পিএম প্রসাদ প্রমুখ। ভিজিল্যান্স অ্যাওয়ারনেস উইকের সমাপ্তি অনুষ্ঠানে সেন্ট্রাল ভিজিল্যান্স কমিশনার বলেন, শক্তিক্ষেত্রে ভারতের নিরাপত্তা নিশ্চিত করছে ক্ষেত্রে সি আই এল। তাদের ভূমিকা গুরুত্বপূর্ণ এবং প্রশংসনীয়। কোল ইন্ডিয়ার বিশুদ্ধতা এবং সচেতনতা দৃষ্টান্তমূলক। অন্যদিকে পেশাদারিত্ব তথা দক্ষতার ক্ষেত্রে সংস্থার একাধিক পদক্ষেপের কথাও উল্লেখ করেন কোল ইন্ডিয়ার চেয়ারম্যান পিএম প্রসাদ। ভারতের আটটি রাজ্যে খননের কাজে কোল ইন্ডিয়া একাধিক চ্যালেঞ্জের মুখে পড়েছে, সে কথাও বলেন কোল ইন্ডিয়ার চেয়ারম্যান।

# ফ্ল্যাট বিক্রির নামে 'প্রতারণার' অভিযোগ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ফ্ল্যাট বিক্রির নামে 'প্রতারণার' অভিযোগ তারকেশ্বর পৌরসভার বিরুদ্ধে। অভিযোগ, কোটি কোটি টাকার 'দুর্নীতি' হয়েছে। নাম উঠে আসছে প্রাক্তন ও বর্তমান চেয়ারম্যানের। যদিও অভিযোগ অস্বীকার করছেন দুজনেই। কিন্তু, ফ্ল্যাট নিয়ে যে ক্রেতারা দীর্ঘ সমস্যায় ভুগছেন তা মানছেন বর্তমান চেয়ারম্যান।অভিযোগ, পানীয় জলের ব্যবস্থা নেই, ইলেকট্রিকের অবস্থাও বেহাল। দশতলা বহুতলে দুটি লিফটের ব্যবস্থা করার কথা থাকলেও একটি লিফট বসানো হ। কিন্তু, সেটিও অচল। এমনকি ফায়ার লাইসেন্স পযন্ত নেই বলে অভিযোগ। ৪০ থেকে ৫০ জন ক্রেতা জানাচ্ছেন আদপেই বসবাসের অযোগ্য এই ফ্ল্যাটগুলি। কে কারণেই প্রশাসনের কাছে লাগাতার অভিযোগ জানাচ্ছেন। কিন্তু, কোনও সুরাহাই হচ্ছে না বলে অভিযোগ। অসুবিধার কথা স্বীকার করে নেন বর্তমান চেয়ারম্যান উত্তম কুন্ডু।আগামী ১ থেকে ২ বছরের মধ্যে সমস্যার সমাধান হয়ে যাবে বলে দাবি করেছেন তিনি। তবে সমস্যা সৃষ্টির জন্য প্রাক্তন চেয়ারম্যানকে আবার কাঠগড়ায় তুলেছেন তিনি। পাল্টা তাঁকেই আবার দোষারোপ করেছেন প্রাক্তন চেয়ারম্যান স্বপন সামন্ত। প্রসঙ্গত, ২০১০ সালে এখানে পৌর বোর্ড দখল করে তৃণমূল। তখনই সিদ্ধান্ত নেওয়া হয় দ্রুত পৌরসভার আয় বাড়াতে হবে। সে কারণেই পৌরসভার অধীনস্থ তারকেশ্বর বাস স্ট্যান্ড সংলগ্ন এলাকায় একটি বহুতল নির্মাণ করার সিদ্ধান্ত নেওয়া হয়। ২০১৩ সালে সানফ্লাওয়ার গ্রিন প্রজেক্ট লিমিটেড নামে একটি বহুতল নির্মাণকারী সংস্থার হাত ধরে শুরু হয় কাজ। ঠিক হয় দশতলা বহুতল তৈরি হবে। থাকবে ৭২টি ফ্ল্যাট।
সূত্রের খবর, যে সময় এই কাজ শুরু হচ্ছে সেই সময় পৌরসভার চেয়ারম্যান ছিলেন স্বপন সামন্ত। ভাইস চেয়ারম্যানের দায়িত্বে উত্তম কুন্ডু। ফ্ল্যাটের জন্য শুরুতে বুকিং করতে হত তারকেশ্বর পৌরসভা থেকে। পরবর্তীতে বাসস্ট্যান্ডের কাছে নিজস্ব অফিস করে সানফ্লাওয়ার। জানানো হয় দুই থেকে আড়াই বছরের মধ্যেই দিয়ে দেওয়া হবে ফ্ল্যাট। বেশ কিছু সুযোগ-সুবিধা দেওয়ারও প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল বলে খবর। কিন্তু, নিয়মের বাইরে গিয়ে রেজিস্ট্রি করানো হয়েছিল বলে অভিযোগ। এখন ক্রেতা ফ্ল্যাটের চাবি মিললেও প্রতিশ্রুতি মতো সমস্ত সুযোগ-সুবিধা দেওয়া হয়নি বলে অভিযোগ।

# অধিকাংশই মহিলা এবং শিশু, গাজায় শরণার্থী শিবিরে বোমাবর্ষণ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নয় নয় করে একমাস হতে চলেছে যুদ্ধের। প্রস্তাব উঠলেও এখনও পর্যন্ত বিরতির কোনও লক্ষণ নেই। বরং ইজরায়েল বনাম প্যালেস্তাইন যুদ্ধে মৃতের সংখ্যা বেড়েই চলেছে। এবার প্যালেস্তাইনের শরণার্থী শিবিরে হামলা চালানোর অভিযোগ উঠল ইজরায়েলের বিরুদ্ধে। শনিবার রাতে গাজার মাঘাজি শরণার্থী শিবিরে ইজরায়েলি সেনা বোমা বর্ষণ করেছে বলে অভিযোগ।এমন পরিস্থিতি যুদ্ধবিরতির দাবি উঠছে বিভিন্ন মহল থেকে। যুদ্ধ নিয়ে দ্বিধাবিভক্ত আন্তর্জাতিক মহল। এমনকি আমেরিকার ডেমোক্র্যাটদের মধ্যেও বিভাজন চোখে পড়ছে। মানবিকতার খাতিরে অবিলম্বে যুদ্ধবিরতির পক্ষে সওয়াল করছেন একাংশ। অন্য একটি অংশ আবার এখনও ইজরায়েলের সমর্থনে অনড় অবস্থানে রয়েছেন। এরই মধ্যে রাষ্ট্রপুঞ্জের শরণার্থী বিভাগ জানিয়েছে, শুধুমাত্র উত্তর গাজাতেই ঘরবাড়ি হারিয়ে রাস্তায় এসে দাঁড়িয়েছেন ৩ লক্ষ মানুষ। ইজরায়েলি সেনা গাজার বাসিন্দাদের দক্ষিণে সরে যেতে বললেও, সেখানেও লাগাতার বোমাবর্ষণ চলছে। বাসিন্দারা নিরাপদ নন বলে দাবি উঠছে। এমনকি হাসপাতালগুলিও রক্ষা পাচ্ছে না বলে অভিযোগ।তাতে ৫১ জনের মৃত্যু হয়েছে। মৃতদের মধ্যে অধিকাংশই মহিলা এবং শিশু বলে জানা গিয়েছে। শনিবার রাত থেকে গাজায় লাগাতার বোমাবর্ষণ হয়ে চলেছে বলে খবর। তাতে দুটি বহুতল কার্যত ধূলিসাত হয়ে গিয়েছে। ইজরায়েলি সেনা জানিয়েছে, এখনও পর্যন্ত গাজায় ২ হাজার ৫০০টি স্থানে হামলা চালিয়েছে তারা। শুধু বোমা বা রকেট বর্ষণই নয়, গাজায় হামাসের সঙ্গে মুখোমুখি সংঘর্ষও চলছে বলে জানানো হয়েছে। সেই আবহে ফের গাজার বাসিন্দাদের এলাকা খালি করে দেওয়ার নির্দেশ দিয়েছে ইজরায়েল। গাজার উত্তর থেকে দক্ষিণে ওয়াদি গাজার দিকে সরে যেতে বলা হয়েছে বাসিন্দাদের। তার জন্য চার ঘণ্টার সময়সীমা বেঁধে দেওয়া হয়েছে। সকাল ১০টা থেকে দুপুর ২টো পর্যন্ত সময় দেওয়া হয়েছে গাজার বাসিন্দাদের। ওই সময়ের মধ্যে এলাকা খালি করে চলে যেতে বলা হয়েছে সকলকে।এখনও পর্যন্ত যে পরিসংখ্যান মিলেছে, সেই অনুযায়ী, যুদ্ধের শুরু থেকে এখনও পর্যন্ত গাজায় ৯ হাজার ৪৮৮ প্যালেস্তিনীয় নাগরিকের মৃত্যুহয়েছে।আহতের সংখ্যা ২৪ হাজার ১৫৮। অধিকৃত ওয়েস্ট ব্যাঙ্কে ১৫২ জন প্যালেস্তিনীয় নাগরিক মারা গিয়েছেন। ইজরায়েলি সেনার সঙ্গে সংঘর্ষ এবং হামলার মুখে পড়ে সেখানে আহতের সংখ্যা ২ হাজার ১০০। ইজরায়েলের তরফে যুদ্ধে মারা গিয়েছেন ১ হাজার ৪০৫ জন। সে দেশের আহতের সংখ্যা ৫ হাজার ৬০০।

# নেপালের ভূমিকম্পে জীবনহানির ঘটনায় উদ্বিগ্ন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভূমিকম্পে নেপালে প্রাণহানির ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন ভারতের প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী। তিনি এক বার্তায় জানিয়েছেন, এই বিপর্যয়ের মুহূর্তে ভারত নেপালের পাশেই রয়েছে এবং সম্ভাব্য সকল রকম সাহায্য ও সহযোগিতা পৌঁছে দিতে দেশ এখন প্রস্তুত। ভূমিকম্পে যাঁরা আহত হয়েছেন তাঁরা দ্রুত সুস্থ হয়ে উঠুন, এই কামনাও জানিয়েছেন তিনি।
সমাজমাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন:
"নেপালে ভূমিকম্পের ঘটনায় প্রাণহানি এবং অন্যান্য ক্ষয়ক্ষতির সংবাদে আমি গভীরভাবে মর্মাহত। এই মুহূর্তে ভারত নেপালের জনসাধারণের সঙ্গেই রয়েছে এবং সম্ভাব্য সকল রকম সাহায্য ও সহযোগিতা পৌঁছে দিতে আমরা প্রস্তুত। ঐ দেশের শোকসন্তপ্ত পরিবারগুলির মতো আমরাও যথেষ্ট উদ্বিগ্ন। যাঁরা আহত হয়েছেন তাঁরা দ্রুত সুস্থ হয়ে উঠুন, এই প্রার্থনা জানাই।

ভারতের সর্বাধিক বাংলা দৈনিক ই পেপার
সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
২ বর্ষ ৩০১ সংখ্যা ০৬ নভেম্বর, ২০২৩ সোমবার ১৯ কার্ত্তিক, ১৪৩০

## সম্পাদকীয়

# ঘুরে দাঁড়ানোর পথ খুঁজতে 'দিশাহীন' আলিমুদ্দিন


লোকসভা ভোটকে সামনে রেখে সিপিএম রাজ্য কমিটিতে আরও তরুণদের অন্তর্ভুক্তি হতে চলেছে। শুক্রবার থেকে হাওড়াতে শুরু হওয়া সিপিএমের রাজ্য কমিটির বর্ধিত অধিবেশনে এই বিষয়টি নিয়ে শীর্ষ নেতারা আলোচনা সেরেছেন। ইতিমধ্যেই তিনজনকে রাজ্য কমিটিতে নেওয়ার বিষয়ে চূড়ান্ত সিলমোহর দিয়ে দিয়েছে আলিমুদ্দিন।এদিকে, ইন্ডিয়া জোটে তৃণমূলের সঙ্গে থাকা, অন্যদিকে রাজ্যে তৃণমূলের বিরুদ্ধে লড়াই, পার্টির দ্বিচারিতা নিয়ে কর্মী-সমর্থকরা বিভ্রান্ত, তা স্পষ্ট অধিবেশনেই। ইয়েচুরির সামনেই দক্ষিণ ২৪ পরগনা, নদিয়ার নেতারা বক্তব্য রাখার সময় এই জোট বিভ্রান্তির বিষয়টি বলেছেন বলে দলীয় সূত্রে খবর। দুর্নীতি ও জ্যোতিপ্রিয় প্রসঙ্গে সেলিম মমতাকে চড়া আক্রমণ করলেও ইয়েচুরি সেই পথে হাঁটেননি। ইয়েচুরির বক্তব্য, "আমি ইডি নই, আমি তদন্ত করছি না। আমার মত এখানে প্রাসঙ্গিক নয়।" কিছুটা হলেও 'ইন্ডিয়া জোট' ধর্ম পালন করলেন বলে মনে করছে রাজনৈতিক মহল।দলের রাজ্যসভার সাংসদ তথা আইনজীবী বিকাশরঞ্জন ভট্টাচার্য, কলকাতা পুরসভার প্রাক্তন মেয়র পারিষদ ফৈয়াজ আহমেদ খান ও দলের যুব সংগঠন ডিওয়াইএফআইয়ের সর্বভারতীয় সম্পাদক হিমগ্নরাজ ভট্টাচার্যকে রাজ্য কমিটিতে নেওয়ার বিষয়টি আজই ঘোষণা করে দেওয়া হবে। পাশাপাশি দুই ২৪ পরগনা, কলকাতা, হাওড়া ছাড়াও উত্তরবঙ্গে দলের কিছু যুব নেতাকে রাজ্য কমিটিতে নিয়ে আসার দাবি উঠেছে। বেশ কয়েক জনের নাম নিয়ে আলোচনা চলছে। পার্টিতে তরুণ প্রজন্মের অন্তর্ভুক্তি যে আরও দরকার তা অধিবেশনেই বলেছেন রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম।

মীনাক্ষী মুখোপাধ্যায় রাজ্য কমিটিতে থাকলেও তার পাশাপাশি কলতান দাশগুপ্ত, ধ্রুবজ্যোতি সাহা, দীপ্সিতা ধর-সহ আরও কয়েকজনের নাম ঘোরাফেরা করছে। এদের অন্তর্ভুক্ত করা হতে পারে। এদিকে, অধিবেশনে বিভিন্ন জেলার নেতারা যা রিপোর্ট দিয়েছেন তাতে স্পষ্ট, লোকসভা ভোটে ভালো ফলের আশা করছে না পার্টি। গণশক্তির সম্পাদক পদে শমীক লাহিড়ীকে আনা হচ্ছে দেবাশিস চক্রবর্তীর জায়গায়। পার্টির অন্য সব পত্রিকার দায়িত্বেও বদল করা হবে বলে খবর।

# আর্থিক প্রতারণার অভিযোগে গ্রেফতার যুবক

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ফরিদাবাদের বাসিন্দা বছর ২৭-এর যুবক ঋষভকে ২১ কোটি টাকা আর্থিক প্রতারণার অভিযোগে সম্প্রতি গ্রেফতার করেছে পুলিশ। সব্জির ব্যবসা ছেড়ে হঠাত ওই যুবক কী ভাবে এই পথে এলেন, তা জানতে কৌতূহল প্রকাশ করেছেন অনেকেই।বিভিন্ন নম্বরে হোয়াটসঅ্যাপ করে বাড়ি থেকে কাজের সুযোগের কথা জানানো হত। আগ্রহীরা অনেকেই যোগাযোগ করতেন। তেমনই সোনিয়া নামে এক তরুণী হোয়াটসঅ্যাপে এমন মেসেজ পেয়ে যোগাযোগ করেছিলেন। আগ্রহীদের সঙ্গে কথা বলে তাঁদের ফাঁদে ফেলার মূল কাজটি করতেন ঋষভ। তিনি সোনিয়ার উৎসাহের কথা জানতে পেরে তাঁকে আরও একটি লিঙ্ক পাঠিয়ে বলেন, ২ হাজার টাকা জমা দিতে। মাসিক বেতনের সঙ্গে সেই টাকা দ্বিগুণ হারে ফেরত দেওয়া হবে। সোনিয়া তা বিশ্বাস করে বাবার ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে টাকা পাঠান। কিন্তু লিঙ্কে ক্লিক করে টাকা পাঠানোর কয়েক মিনিটের মধ্যে অ্যাকাউন্ট থেকে ৫০ হাজার টাকা কেটে নেওয়া হয়। সোনিয়ার মতো এমন আরও অনেককেই ফাঁদে ফেলে কয়েক দিনে মোট ২১ কোটি টাকা প্রতারণা করেছেন ঋষভ। তবে সোনিয়ার অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু করে ঋষভকে গ্রেফতার করে পুলিশ। দলের বাকিদের খোঁজ শুরু হয়েছে। কোভিডের সময় সব্জির দোকান বন্ধ করে দিতে বাধ্য হন ঋষভ। পেট চালাতে পার্ট টাইম কাজের খোঁজ শুরু করেন। সেই সময় ঋষভের এক বন্ধু তাঁকে একটি কাজের কথা বলেন। তিনি নিজেও অনলাইন প্রতারণার সঙ্গে যুক্ত ছিলেন। বন্ধুর কাছে কাজের বিষয়ে বিস্তারিত জানার পর প্রথমে ভয়ে পিছিয়ে আসতে চেয়েছিলেন ওই যুবক। তবে মোটা টাকার লোভ সংবরণ করতে না পেরে কাজে যুক্ত হন। দলের সদস্য সংখ্যা ছিল ৫-৬জন।

## বাঙালি ধর্ম ও সমাজ সংস্কারক মহাপ্রভু চৈতন্যদেব



ক্রমশঃ


• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# মায়ের আশীর্বাদ অসীম সাধারণ মানুষ তার প্রমাণ পায় তারাপীঠে



মৃত্যুঞ্জয় সরদার
(প্রথম পর্ব)



যারা ভাবছে যে আমার ক্ষতি করেছে , তাদের ধারণাটাই ভুল ঈশ্বর তার প্রমান দেবে সময় মতো। হাজার ক্ষতি করতে চাইলেও ঈশ্বর সর্বদাই সৎ মানুষের সাথে থাকে তার প্রত্যক্ষ পরমান আমি নিজে। আমাদের পুকুরের বিষ দিয়ে করতে করতে চেয়েছে ঈশ্বর তার বিচার করবে অনিবার্য, তাই আমরা ঈশ্বর মানি আর নাই বা মানি সারা বিশ্বজুড়ে মায়ের প্রভাব বিস্তার লাভ করে রয়েছে এই ধরাধামে। ঈশ্বর ছাড়া এই পৃথিবীতে বাঁচার কোন রাস্তাই নেই, ঈশ্বরী পারে একটা মানুষকে যত যত যোগ্য স্থানে পৌঁছে দিতে। তবে রাজনৈতিক হিংসা মানুষকে যেভাবে নাস্তানাবুদ করে আর ঈশ্বর তার একের পর এক বিচার-বিবেচনা করতেই থাকে। ঈশ্বর পারে না এমন কোন কাজ নেই এটা আমি আমার জীবনের উপলব্ধি দিয়ে বলতেই পারি। ঈশ্বর আমরা বিভিন্ন রূপে, বিভিন্নভাবে, বিভিন্ন বিষয়ে তাকে দেখে মানুষের মধ্যে ঈশ্বর যেন বিরাজমান। তাই বলবো মানুষ যত অসহায়হয়ে পড়ে তার বুদ্ধি বিবেক এবং জ্ঞান ততটাই লোপ পেয়ে যায়। কে প্রকৃত বন্ধু আর কে বন্ধু নয় সেটি বিপদে পড়লে সবকিছু পরিষ্কার হয় নিজের কাছে।এ প্রসঙ্গে নিজের কিছু উপলব্ধি কথা না লিখলে আজ আমার এই লেখাটি আপনাদের কাছে অসম্পূর্ণ হয়ে যাবে।অনেকেই আমাকে বলেছে তুমি সাংবাদিকতা কেন করছ এটা ছেড়ে দাও আমি স্বামী বিবেকানন্দর কথামতো বলেছিলাম ঈশ্বর যা করার আমি তাই করছি। স্বামী বিবেকানন্দ ঈশ্বরের স্বরূপ ছিলেন, এ প্রসঙ্গে হয়তো অনেকের অজানা। স্বয়ং ঈশ্বর বিবেকানন্দকে দিয়ে সব কাজ করিয়ে নিয়েছে, সে প্রসঙ্গে একটু বলে রাখাই ভালো।স্বামী বিবেকানন্দ এর একটি ঘটনা স্বামীজী একবার তাঁর শিষ্য ও ব্রহ্মচারীদের একটি তাঁর জীবনে ঘটে যাওয়া ঘটনা বলেছিলেন - একবার তিনি ট্রেনে করে কোথাও যাচ্ছিলেন। তিনি যে কামড়ায় ছিলেন, সেখানে এক ভদ্রলোক তাঁকে অনেক্ষন ধরে লক্ষ্য করছিলেন।এক সময় সেই ভদ্রলোক স্বামীজীর কাছে এসে বসলেন। স্বামীজী তার দিকে বিশেষ নজর না দিয়ে দেশের ও দেশের মানুষের কথা ভাবছিলেন।তার তখন প্রচন্ড খিদেও পেয়েছিল। যাইহোক, লোকটি কিছুক্ষণ বসে থাকার পর হঠাৎ স্বামীজীকে বললেন - এ জীবন কেন বেছে নিলেন ? আপনার বয়স এখন খুব কম। আপনি এই বয়সে কর্ম ত্যাগ করে এই গেরুয়া বসন পরে ঘুরে বেড়াচ্ছেন।আলস্য জীবন যাপন করে কি লাভ ? খেটে খেতে শিখুন, এতেই সব আনন্দ।পরের দয়ায় পেট চালিয়ে লাভ কি ? স্বামীজী ভদ্রলোকের সব কথা শুনলেন। কিন্তু কোনো রকম প্রতিক্রিয়া না করে শুধু বললেন - আমি ঈশ্বরে বিশ্বাসী, তিনি যা করান আমি তাই করি। খানিকক্ষণ বাদে একটি ষ্টেশন এলো, স্বামীজী এবং সেই ভদ্রলোক দুজনেই সেখানে নামলেন। ভদ্রলোকটি স্বামীজীকে জিগ্গেস করলেন- সঙ্গে কোনো খাবার আছে কিনা ? থাকলে সেটা খেয়ে নিন। স্বামীজী বললেন - আমার সঙ্গে কোনো খাবার নেই। ভদ্রলোকটি বললেন - এটাই তো স্বাভাবিক। কর্ম না করলে অর্থ আসে না।আর অর্থ না থাকলে খাবারও আসে না। তাই দেখুন আপনার কাছে খাবার নেই আর আমি দিব্যি এখন খাবো। এই বলে ভদ্রলোকটি সঙ্গে থাকা খাবার খেতে আরাম্ভ করলেন। স্বামীজী শুধু লোকটিকে বললেন - আমি ঈশ্বরের কৃপায় থাকি, তিনি যা করান আমি তাই করি। এই বলে স্বামীজী কাছেই একটি গাছের তলায় গিয়ে বসলেন। লোকটি খাবার খেতে খেতে স্বামীজীকে লক্ষ্য করতে লাগলেন। কিছুটা রাগান্বিত ভাবেই দেখতে লাগলেন। এবং মনে মনে ভাবতে লাগলেন- ঈশ্বর ঠিকই করেছেন, এই বয়সে কর্ম ত্যাগ করলে এই ভাবে অনাহারে থাকতে হয়।ঐদিকে স্বামীজী প্রচন্ড খিদে নিয়ে চুপ করে গাছের তলায় বসে আছেন।এমন সময় এক ভদ্রলোক স্বামীজীর সামনে এসে দাঁড়ালেন। সঙ্গে তার প্রচুর খাবার। তিনি স্বামীজীকে জিগ্গেস করলেন - আপনিই কি স্বামী বিবেকানন্দ ? স্বামীজী বললেন - হ্যাঁ। লোকটি করোজোড়ে নতজানু হয়ে স্বামীজীকে বললেন - গতকাল রাত্রে আমাকে স্বপ্নে আমার ইষ্টদেব আমার ভগবান দর্শন দিয়ে বললেন - আগামীকাল এই গাছের তলায় আমার এক ভক্ত অভুক্ত অবস্থায় থাকবে, তাঁকে তুই অবশ্যই খাওয়াবি। তাঁর নাম স্বামী বিবেকানন্দ। এই বলে লোকটি স্বামীজীকে তার আনা খাবারগুলো গ্রহণ করতে বললেন। স্বামীজী হাসি মুখে তাকে আশির্বাদ করলেন। এই দেখে সেই খাবার খাওয়া ভদ্রলোকটি অবাক। তিনি সঙ্গে সঙ্গে স্বামীজীর কাছে এসে তার পা দুটি জড়িয়ে ধরলেন। এবং বললেন - আমাকে ক্ষমা করুন মহারাজ, আমি নির্বোধ, আমি আপনাকে চিনতে পারিনি। অহংকার বশতঃ আপনাকে অনেক অপমান করেছি। আমাকে আপনি ক্ষমা করুন। স্বামীজী তাকে বুকে জড়িয়ে ধরলেন, এবং বললেন- এই জগতে কাউকে তাচ্ছিল্য করতে নেই।এসব প্রসঙ্গ একটাই কথা বলার ছিল ঈশ্বর চিরকাল বিশ্বজুড়ে ছিল থাকবে আছে। ঈশ্বর ছাড়া জীবের কোন গতি নেই, মা যাকে দিয়ে যা করায়, তাই সে কাজটি করে । মা আজো পশ্চিম বাংলার প্রতিটি ঘরে ঘরে বিরাজমান, তাই বীরভূম জেলার রামপুরহাট থানার অন্তর্গত দ্বারকা নদীর পূর্ব পাড়ে অতীতের চন্ডীপুর আজ তারাপীঠে পরিনত হয়েছে। তবে আগেকার শিমূল গাছ আজ আর নেই। নেই খরস্রোতা দ্বারকা নদীটিও। বর্তমানে মহাশ্মশানের ভয়াবহতাও অনেকটাই কমে গিয়েছে। তবে প্রাচীন কালের মতো আজও দেবীর মাহাত্ম্য অমলিন। তারা মায়ের প্রাচীন মন্দিরটি ধ্বংস হওয়ার পর ১২২৫ বঙ্গাব্দে মল্লারপুরের বাসিন্দা জগন্নাথ রায় আটচালা ইট দিয়ে নতুন মন্দিরটি নির্মান করেন। মন্দিরটির টেরাকোটা শিল্প আজও পর্যটকদের নজর টানে। মন্দিরের প্রবেশপথের খিলানের ওপর দেবী দুর্গার মূর্তি রয়েছে। এছাড়াও বিভিন্ন পৌরাণিক আখ্যানও রয়েছে সারা মন্দির জুড়ে। মন্দিরের উল্টোদিকে আছে চন্ডীমন্ডপ। মূল দেবী এখানে তারা কালী। দেবীর মুখ ছাড়া সারা অঙ্গ কাপড়ে আবৃত। আর অন্তরালে কষ্টিপাথরের শিবঠাকুর বর্তমান। রাত আটটার পর মহাকালী দর্শনের বিশেষ ব্যবস্থা মেলে। এছাড়াও মন্দির চত্বরেই রয়েছে বিষ্ণুর দুই পাষাণমূর্তি। তারা মন্দিরে ঈশানকোনের ছোট্ট মন্দিরে চন্দ্রচূড় শিব বর্তমান।এসব তথ্য আমি কোথা থেকে পেয়েছি অনেকের মনে প্রশ্ন জাগতে পারে,ছোটবেলা থেকে সব কিছুর পিছনে একটু অনুসন্ধান করার ইচ্ছা শক্তি আমার প্রবল আছে।সেটাকে কাজে লাগিয়েছি পড়াশোনার মাধ্যমে সব কিছু তথ্য জোগাড় করা,বিভিন্ন পাঠ্যপুস্তক থেকে এসব তথ্য সংগ্রহ করেছি। আজ তা আমার কলমে তুলে ধরছি।রামপুরহাট শহর তান্ত্রিক দেবী তারার মন্দির ও মন্দির-সংলগ্ন শ্মশানক্ষেত্রের জন্য বিখ্যাত। হিন্দু বিশ্বাস অনুযায়ী এই মন্দির ও শ্মশান

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# সিনেমার খবর

## ৫৮ বছরে শাহরুখ খান, মান্নাতের সামনে হাজারো ভক্তের অবস্থান




**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** রাজার জন্মদিন বলে কথা! রাজকীয় স্টাইলেই তো হবে! ভক্তরা তাকে সারপ্রাইজ দেবেন, তিনিও মধ্যরাতে হাতনেড়ে অবাক করে দেবেন ভক্তদের। আগেই জানা গেছে শাহরুখ খান এবার বাদশাহিভাবেই নিজের ৫৮তম জন্মদিন উদ্‌যাপন করবেন। বিশেষ দিন উপলক্ষে নেটফ্লিক্সে মুক্তি পাচেছ 'জওয়ান', মুক্তি পাচ্ছে এ বছরে তার তৃতীয় সিনেমা 'ডাংকি'র টিজারও। এসব আয়োজন তো শাহরুখ খান রেখেছেন তার ভক্তদের জন্য। ভক্তরা কি রাখলেন তার জন্য? ৫৮ বছরে পা দেওয়া শাহরুখ খানের জন্য প্রতি বছরের মতো এবারও শুভেচ্ছা জানাতে তার বাসভবন 'মান্নাত' এর সামনে ভিড় করেছেন হাজার হাজার ভক্ত। জন্মদিনের রাত শুরুর পর থেকেই নিজেদের ভালোবাসা প্রকাশে বিভিন্ন প্রদেশ থেকে আসা ভক্তরা 'হ্যাপি বার্থডে শাহরুখ, উই লাভ ইউ' স্লোগানে মুখরিত করে রেখেছেন মান্নাত প্রাঙ্গন। রঙবেরঙের ব্যানার, বেলুন, ফুল নিয়ে, আতবাজি ফাটিয়ে, কেক কেটে উদযাপন করছেন তারা।

প্রিয় তারকার জন্মদিন উপলক্ষে ভারতের বিভিন্ন জায়গায় ভক্তরা সুবিধাবঞ্চিতদের মাঝে পোশাক ও খাবারও বিতরণ করেছেন। 'কিং অব রোমান্সে'র এক ঝলক দেখা পেতে সন্ধ্যা থেকেই অধীর আগ্রহে অপেক্ষা করছেন তারা।

আজ শাহরুখ খানের ৫৮তম জন্মদিনের মূল পার্টি হবে রাতে, শহরের নীতা মুকেশ আম্বানি কালচারাল সেন্টারে। জন্মদিন উপলক্ষে মুক্তি পাচ্ছে এ বছরে তার তৃতীয় সিনেমা 'ডাংকি'র টিজার। ভক্তদের জন্য মুম্বাইয়ে জন্মদিনের বিশেষ আয়োজন করেছেন শাহরুখ, সেখানে ভক্তদের সাথেই তিনি টিজারটি দেখবেন। বাংলাদেশ সময় সকাল সাড়ে ১১টায় টিজারটি মুক্তি পাবে।

## ইসরায়েলি হামলার নিন্দা জানালেন অ্যাঞ্জেলিনা জোলি



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা উপত্যকায় জাবালিয়া শরণার্থী শিবিরে ইসরায়েলের বর্বরোচিত হত্যাযজ্ঞের তীব্র নিন্দা জানিয়েছেন আমেরিকার অস্কার বিজয়ী অভিনেত্রী অ্যাঞ্জেলিনা জোলি।

জাতিসংঘের শরণার্থী বিষয়ক হাই কমিশনার অ্যাঞ্জেলিনা জোলি তার ইনস্টাগ্রাম পোস্টে এ নিন্দা জানান।জাবালিয়া শরণার্থী শিবিরে ইসরায়েলের নৃশংস হামলায় ১০০০ হাজারেরও বেশি ফিলিস্তিনি হতাহত হয়েছেন। খবর তুর্কি গণমাধ্যম সাবাহর।

তিনি গাজা উপত্যকার মানুষদেরকে 'ফাঁদে আটকে পড়া' লোকজন উল্লেখ করে বলেন, যাদের কোথাও যাওয়ার জায়গা নেই তাদের ওপর ইচ্ছাকৃতভাবে নির্মম বোমা হামলা চালাচ্ছে ইসরাইল।

অ্যাঞ্জেলিনা জোলি বলেন, গাজা প্রায় দুই দশক ধরে উন্মুক্ত কারাগারে পরিণত হয়েছে।নারী ও শিশুসহ লাখ লাখ ফিলিস্তিনি বেসামরিক নাগরিককে তাদের পরিবারশুদ্ধ সম্মিলিতভাবে শাস্তি দেয়া হচ্ছে এবং তাদের সঙ্গে মারাত্মক রকমের অমানবিক আচরণ করা হচ্ছে।

তিনি যুদ্ধবিরতির আহ্বান প্রত্যাখ্যান করা বিশ্ব নেতাদের 'এই অপরাধে জড়িত' বলে অভিযুক্ত করেন।

হামাসের ৭ অক্টোবরের হামলার সমালোচনা করলেও জোলি বলেন, বেসামরিক জনগণের ওপর বোমা হামলা এবং নিরীহ নারী-শিশুদের হত্যা করা এর সমাধান হতে পারে না।

## রণবীরের সঙ্গে সম্পর্কে থেকেও অনেক পুরুষের সঙ্গে মিশেছি : দীপিকা



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** 'কফি উইথ করণ' এর নতুন সিজনে এবার বিস্ফোরক তথ্য সামনে আনলেন জনপ্রিয় অভিনেত্রী দীপিকা পাড়ুকোন। এ অনুষ্ঠানে রণবীর সিংয়ের সঙ্গে সম্পর্ক ও দাম্পত্য জীবন নিয়ে খোলাখুলি কথা বলেন তিনি।

রণবীরের সঙ্গে সম্পর্কে আসার আগে অন্যদের আনাগোনা ছিল দীপিকার জীবনে। এই অভিনেত্রী বলেন, 'আমি অনেক পুরুষের সঙ্গে মিশেছি। রণবীরের সঙ্গে সম্পর্কে থাকাকালীনও। কিন্তু যতই মিশি না কেন, মন থেকে আমি ওর প্রতি কমিটেড থেকেছি।'

দীপিকার এই মন্তব্য নিয়ে বিতর্কের শেষ নেই। অনেকেই মনে করছেন, রণবীরের সঙ্গে তার সম্পর্ক নিয়ে একনিষ্ঠ ছিলেন না অভিনেত্রী। কেউ কেউ আবার বলছেন, রণবীরকে এক প্রকার ঠকিয়েছেন তিনি। ফলে দীপিকার দিকে ধেয়ে আসছে ট্রল-কটাক্ষ।

অনেকেই ধারণা করছেন, রণবীরের সঙ্গে সম্পর্কে থাকার পর দুই সুপারস্টারের প্রেমে হাবুডুবু খেয়েছেন দীপিকা। যাদের একজন শাহরুখ খান! যদিও ঠিক কাদের সঙ্গে দীপিকা সময় কাটিয়েছেন সেই বিষয়ে কোনো মন্তব্য করেননি।

অন্যদিকে স্ত্রী দীপিকার থেকে কোনো অংশে কম যাননি রণবীরও! একই পথে হেঁটেছেন তিনিও। দীপিকা থাকার পরও অভিনেত্রী আনুশকা শর্মাসহ একাধিক তারকায় আসক্ত ছিলেন রণবীর। প্রিয় এই তারকা জুটির প্রেমকে অনেকে পবিত্র এবং আইডল মানলেও গোপন বিষয়গুলো সামনে আসায় নেতিবাচক ধারণা তৈরি হচ্ছে।

## শিগগিরিই আসছে কৃষ-4




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** এবারো কৃষ ফ্র্যাঞ্চাইজির চতুর্থ ভাগের ছবিতে কৃষ হয়ে ফিরছেন হৃতিক রোশন। এই সুপারহিরোর ছবির স্ক্রিপ্ট লিখেছেন অভিনেতার বাবা চিত্রপরিচালক রাকেশ রোশন। যদিও বাবার লেখা স্ক্রিপ্টে বেশ কিছু বদল এনেছেন অভিনেতা। হৃতিক নিজের মতো একাধিক ইনপুট দিয়েছেন এ ছবিতে।

অভিনেতার ঘনিষ্ট সূত্রে জানা গেছে, আগামী বছর থেকে শুরু হবে কৃষ-৪ এর শুটিং। তার কথায়, 'বহু বছর পর যেহেতু এই ফ্র্যাঞ্চাইজির পরবর্তী ছবি নিয়ে আসছেন তারা সেহেতু হৃতিক ছবির স্ক্রিপ্ট এবং গল্প নিয়ে ভীষণ শিওর হতে চেয়েছিলেন। কোনও রকম ভুল-ভ্রান্তি করতে চাননি তিনি। স্ক্রিপ্ট তৈরি হওয়ার পর হৃতিক আগাগোড়া সেটা পড়েছেন, কিছু বদল এনেছেন তাতে। সবটা হওয়ার পর এখন এই ছবির জন্য স্ক্রিপ্ট পুরো রেডি। আগামী বছরের ফেব্রুয়ারি বা মার্চ থেকে শুরু হবে শুটিং।'

তবে তার আগে হৃতিককে সিদ্ধার্থ আনন্দ পরিচালিত ফাইটার ছবিতে দেখা যাবে। আপাতত তিনি সেই ছবির শুটিং প্রায় শেষ করে এনেছেন। আগামী বছরের জানুয়ারিতে মুক্তি পাবে ফাইটার। দীপিকা পাড়ুকোন থাকবেন তার বিপরীতে। ফাইটার মুক্তির পাওয়ার পরই কৃষ-৪ ছবিতে হৃতিক কাজ শুরু করবেন বলে ধারণা করছে সিনেবোদ্ধারা। আপাতত তিনি ফিটনেস এবং চরিত্রের প্রয়োজনে শারীরিক বদলের দিকে মন দেবেন। তৈরি হবেন সুপারহিরো হিসেবে।

সূত্রের তরফে জানানো হয়েছে, ছবি কিছুটা অংশের শুটিং করা হবে সিঙ্গাপুরে। বাকিটা অন্য জায়গায় হবে, মূলত অ্যাকশন দৃশ্যগুলো।

২০০৩ সালে 'কোই মিল গেয়া' ছবি দিয়ে কৃষ ফ্র্যাঞ্চাইজির পথচলা শুরু হয়। সেখানে হৃতিকের বিপরীতে ছিলেন প্রীতি জিনতা। এরপর কৃষ আসে, সেখানে প্রিয়াঙ্কা চোপড়াকে দেখা গিয়েছিল অভিনেতার সঙ্গে।

## কোপার আগে
# ব্রাজিল শিবিরে দুশ্চিন্তা



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়ন ব্রাজিলের সময়টা মোটেও ভালো যাচ্ছে না। বিশ্বকাপ বাছাইয়ের ম্যাচে ভেনেজুয়েলার বিপক্ষে ড্রয়ের পর ২-০ গোলে হারতে হয়েছে উরুগুয়ের বিপক্ষে। তার ওপর চলতি মাসে কলম্বিয়া ও চিরপ্রতিদ্বন্দ্বী আর্জেন্টিনার বিপক্ষে সেলেসাওদের মাঠে নামতে হবে। কিন্তু তাদের বড় দুশ্চিন্তার নাম নেইমার জুনিয়র। হাঁটুর লিগামেন্ট ছিড়ে যাওয়ার সাত মাসের ব্যবধানে তাকে দ্বিতীয়বার অস্ত্রোপচার করতে হয়েছে।

পুরোপুরি সুস্থ হয়ে ফিরতেই হাঁটুতে অস্ত্রোপচার করতে হচেছ নেইমারের। যে অস্ত্রোপচারের কারণে পুরো মৌসুম মাঠের বাইরে থাকতে হবে তাকে। একইসঙ্গে আগামী বছরের কোপা আমেরিকায় তাকে পাওয়া নিয়েও শঙ্কা রয়েছে।

২০২৪ সালের কোপা আমেরিকার আসর বসবে মার্কিন যুক্তরাষ্ট্রে। ২০ জুন থেকে শুরু হয়ে টুর্নামেন্ট চলবে ১৪ জুলাই পর্যন্ত। সেখানে তাকে না পেলে বড় মূল্যই দিতে হতে পারে ব্রাজিলকে। তাকে ছাড়া দলটির মাঠের পারফরম্যান্স তেমন আশা জাগানিয়া নয়।

## শচীনকে ছাড়িয়ে
# নতুন রেকর্ড করলেন কোহলি



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** চলতি বিশ্বকাপে ঘরের মাঠে ব্যাট হাতে দারুণ ছন্দে আছেন ভারতীয় তারকার বিরাট কোহলি। বৃহস্পতিবার মুম্বাইয়ের ওয়াংখেড়ে স্টেডিয়ামে শ্রীলঙ্কার বিপক্ষে খেললেন ৮৮ রানের ইনিংস। ৯৪ বলে ১১ বাউন্ডারিতে এই রান করেন কোহলি।

লঙ্কানদের বিপক্ষে সেঞ্চুরি পেলে অবশ্য ছুঁয়ে ফেলতেন কিংবদন্তি শচীন টেন্ডুলকারকে। তবে সেঞ্চুরি না হলেও আজ শচীনকে ছাড়িয়ে নতুন এক রেকর্ড গড়েছেন ডানহাতি এই ব্যাটার। এক পঞ্জিকাবর্ষে সর্বাধিকবার হাজার বা তার বেশি রানের রেকর্ডটি নিজের করে নিয়েছেন কোহলি। চলতি বছর ওয়ানডেতে হাজার রান ছুঁয়ে ফেলেছেন তিনি। এ নিয়ে আটবার বছরে হাজারের বেশি রান করেছেন। তার পেছনে থাকা শচীনের এই কীর্তি ছিল আটবার।

১৯৯৪ সালে প্রথমবার ওয়ানডেতে এক পঞ্জিকাবর্ষে হাজারের বেশি রান করেন শচীন। এরপর ১৯৯৬, ১৯৯৭, ১৯৯৮, ২০০০, ২০০৩ ও ২০০৭ সালেও এর পুনরাবৃত্তি ঘটান ভারতের কিংবদন্তি এই ব্যাটার। অন্যদিকে কোহলির হাজার রান করার এই যাত্রা শুরু হয় ২০১১ সালে। এরপর ২০১২, ২০১৩, ২০১৪, ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালে হাজারের বেশি রান করে শচীনকে স্পর্শ করেন তিনি। সেই রেকর্ড ভাঙতে সময় নিলেন চার বছর।

চলতি বছর হাজার রানের মাইলফলক ছুঁতে কোহলিকে খেলতে হয় ২০ ইনিংস। আজ কেবল ৩৪ রান দরকার ছিল তার। যদিও সাজঘরে ফিরতে পারতেন ব্যক্তিগত ১০ রানেই। নিজের বলে তার ক্যাচ মিস করেন লঙ্কান পেসার দুশমন্থ চামিরা।

## বাবরের মধ্যে ম্যাচ জেতানোর
# ক্ষমতা নেই: আফ্রিদি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চলমান বিশ্বকাপে কঠিন সময় পার করছে পাকিস্তান। শেষ পাঁচ ম্যাচের মধ্যে চারটিতেই হেরেছে তারা। যার পেছনে বাবরের কৌশলগত ভুলকে দায়ী করছেন অনেকেই। অধিনায়কত্বের চাপ প্রভাব ফেলেছে বাবরের ব্যাটিংয়ে। বিশ্বকাপ সাত ম্যাচ খেলে ২১৬ রান করেছেন তিনি। তাতে হতাশা প্রকাশ করেছেন শহীদ আফ্রিদি। সাবেক এই অধিনায়ক মনে করেন, বাবরের মধ্যে ম্যাচ জেতানোর ক্ষমতা নেই।

আফ্রিদি বলেন, 'বাবর আজমের রান করা এক জিনিস, আর তার রানে ম্যাচ জেতা ভিন্ন জিনিস। বিরাট কোহলি, লোকেশ রাহুলরা কী করে? তারা নিজের রানও করে এবং নিজের দলকে জিতিয়েও আসে।'

'আমি বাবরের ভক্ত। আমরা বলি বাবর বড় খেলোয়াড়। একবার সেই পর্যায়ে পৌঁছানোর পর পারফরম্যান্স ধরে রাখাটা বড় কঠিন। যখন বাবর ব্যাট করতে নামে, আমাদের সেই অনুভূতি আসা উচিত যে সে ম্যাচ জেতাবে। কিন্তু সেই অনুভূতি আসে না। আমরা জানি যে, সে ৫০-৬০ রান করবে। কিন্তু সেই আস্থা নেই যে, সে আমাদের জন্য ম্যাচ জিতিয়ে আনবে।'

সাত ম্যাচে ছয় পয়েন্ট নিয়ে টেবিলের পাঁচে আছে পাকিস্তান। এখনো সেমিফাইনাল খেলার সম্ভাবনা আছে তাদের। সেজন্য বাকি দুই ম্যাচে জয়ের বিকল্প নেই।

## লিগ কাপে বিধ্বস্ত ম্যানইউ ও আর্সেনাল



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** লিগ কাপ বা কারাবাও কাপে প্রিমিয়ার লিগের দুই বড় দল ম্যানচেস্টার ইউনাইটেড ও আর্সেনাল নিজ নিজ ম্যাচে বড় ব্যবধানে হেরেছে। আসরে শেষ ১৬ থেকে বিদায় নিয়েছে। ওয়েস্ট হ্যামের মাঠে ৩-১ গোলে ধসে গেছে প্রিমিয়ার লিগের শিরোপা পত্যাশী দল আর্সেনাল। ঘরের মাঠে ম্যানইউকে ৩-০ গোলে উড়িয়ে দিয়েছে নিউক্যাসল ইউনাইটেড। বুধবার রাতে লিগ কাপে আর্সেনালের বিপক্ষে ৩-০ গোলের লিড নেয় ওয়েস্ট হ্যাম। যার শুরুটা হয় বেন হোয়াইটের আত্মঘাতী গোলে। এরপর কুদুস ৫০ মিনিটে ও বোজেন ৬০ মিনিটে গোল করেনে। যোগ করা সময়ে মার্টিন ওডেগার্ড দলের হারের ব্যবধান কমান। ম্যানইউ ওল্ড ট্রাফোর্ডে আরও বাজেভাবে হেরেছে। নিউক্যাসল ম্যাচের ২৮ মিনিটে আলমিরনের গোলে এগিয়ে যায়। হল ৩৬ মিনিটে ব্যবধান ২-০ করেন। এরপর উইলক ৬০ মিনিটে গোল করে দলকে বড় জয় এনে দেন। আর্সেনাল ও ম্যানইউ-এর হারের দিন জিতেছে লিভারপুল। তারা বোর্নামাউথের বিপক্ষে ২-১ গোলে জিতে কোয়ার্টার ফাইনালে উঠেছে। গোল করেছেন নুনিয়েজ ও গাকপো। চেলসি ২-০ গোলে জিতেছে ব্লাকবার্ন রোভার্সের বিপক্ষে। সিঙ্গেল লিগের টুর্নামেন্টে শেষ আটে উঠেছে তারাও।

## বিশ্বকাপ ধামাকা

## জাডেজার পাঁচে টানা অষ্টম,
# বিরাট জয়ে শীর্ষস্থান মজবুত ভারতের



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** যেন শ্রীলঙ্কার মতোই অবস্থা হল দক্ষিণ আফ্রিকার। এশিয়া কাপ ফাইনালে শ্রীলঙ্কাকে ৫০ রানে অলআউট করেছিল ভারত। গত ম্যাচে একই প্রতিপক্ষকে ৫৫ রানে অলআউট। ভারতীয় বোলিং কতটা বিধ্বংসী মেজাজে রয়েছে, তার আসল পরীক্ষা ছিল দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে। তাদের মাত্র ৮৩ রানেই গুটিয়ে দিল ভারত। এই বিশ্বকাপে সবচেয়ে বিধ্বংসী ব্যাটিং প্রোটিয়ারাই করছিল।

জাডেজার পাঁচে টানা অষ্টম, বিরাট জয়ে শীর্ষস্থান মজবুত ভারতের রোহিত শর্মা টস জিতে ব্যাটিং নেওয়ায় আশঙ্কা জাগছিল। সেমিফাইনাল নিশ্চিত হয়ে যাওয়ায় ঝুঁকি নিচ্ছেন না তো! ভারতীয় দল তো রান তাড়াতেই বেশি স্বচ্ছন্দ। তবে এ ভাবে একপেশে জিতবে ভারত, তাও আবার রান ডিফেন্ড করে, এমনটা হয়তো প্রতয়াশা ছিল না। ভারতের দেওয়া ৩২৭ রানের লক্ষ্য তাড়া করতে নেমে মাত্র ৮৩ রানেই অলআউট দক্ষিণ আফ্রিকা। কিং কোহলির সেঞ্চুরি, রবীন্দ্র জাডেজার পাঁচ উইকেট। বিরাট যেমন সচিনের রেকর্ড ছুঁয়েছেন, তেমনই যুবির রেকর্ড ছুঁলেন জাডেজা। ২৪৩ রানের বিশাল জয়ে শীর্ষস্থানও মজবুত করল ভারত। টানা আট ম্যাচে জয়। যেন শ্রীলঙ্কার মতোই অবস্থা হল দক্ষিণ আফ্রিকার। এশিয়া কাপ ফাইনালে শ্রীলঙ্কাকে ৫০ রানে অলআউট করেছিল ভারত। গত ম্যাচে একই প্রতিপক্ষকে ৫৫ রানে অলআউট। ভারতীয় বোলিং কতটা বিধ্বংসী মেজাজে রয়েছে, তার আসল পরীক্ষা ছিল দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে। তাদের মাত্র ৮৩ রানেই গুটিয়ে দিল ভারত। এই বিশ্বকাপে সবচেয়ে বিধ্বংসী ব্যাটিং প্রোটিয়ারাই করছিল। ইডেনে ম্যাচের আগের দিন অনুশীলনে দেখা যায়, শুধুমাত্র স্পিনারদের বিরুদ্ধে নেট প্র্যাক্টিস সারছেন প্রোটিয়া ব্যাটাররা। পেস ত্রয়ী যেমন বিধ্বংসী মেজাজে রয়েছেন তেমনই জাডেজা-কুলদীপকেও অবহেলা করার জায়গা নেই। তাঁদের আশঙ্কাই সত্যি হল। সামি-সিরাজ-বুমরা বিব্রত করলেন, জাডেজাও উইকেট নিলেন।


প্রোটিয়াদের চাপে ফেলতে কখনও শর্ট এক্সট্রা কভার এবং শর্ট মিডউইকেট রেখে বোলিং করলেন, আবার জাডেজার বোলিংয়ে দুই স্লিপও দেখা গেল। মাত্র ৪০ রানে পাঁচ উইকেট তুলে নিয়েছিল ভারত। ক্রিজে মার্কো জানসেন-ডেভিড মিলার জুটি গড়ার চেষ্টায়। মিলার ফর্মে থাকলে হারের ব্যবধান কমাতে পারতেন। কিন্তু জাডেজার বলে এতটাই শাফল করলেন, যে লেগ সাইড দিয়ে উইকেট ছিটকে গেল। জাডেজা টিমের জন্য কতটা গুরুত্বপূর্ণ ইডেনে রাহুল দ্রাবিড়ও বলেছিলেন। পেসারদের পারফরম্যান্সে ঢাকা পড়ে যায় জাডেজা, কুলদীপের অবদান। ইডেনে ব্যাটে-বলে যা পারফর্ম করলেন, তাতে ঢাকা পড়ার কোনও সম্ভাবনাই নেই। যুবরাজ সিংয়ের পর ভারতের দ্বিতীয় স্পিনার হিসেবে বিশ্বকাপে পাঁচ উইকেট জাড্ডুর।

# নেইমারের হাঁটুর অস্ত্রোপচার



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** বিশ্বকাপ বাছাইপর্বে উরুগুয়ের বিপক্ষে ১৭ অক্টোবরের ম্যাচে বড় ইনজুরিতে পড়েন নেইমার জুনিয়র। তার হাঁটুর লিগামেন্ট ছিড়ে গেছে। সুস্থ হয়ে ফিরতে হাঁটুতে অস্ত্রোপচার করতে হবে। যে অস্ত্রোপচারের কারণে পুরো মৌসুম মাঠের বাইরে থাকতে হবে তাকে। নেইমারের ওই হাঁটুর অস্ত্রোপচার হবে। ব্রাজিল জাতীয় দলের শল্য চিকিৎসক রদ্রিগো লাসমারের অধীনে তার এই সার্জারি হবে। ব্রাজিল ফুটবল কনফেডারেশন বিষয়টি নিশ্চিত করেছে। ব্রাজিল কনফেডারেশন বিবৃতিতে বলেছে, বেলো হরিজেন্তে বৃহস্পতিবার নেইমারের অস্ত্রোপচার হবে। দলের চিকিৎসক লাসমার এই সার্জারি করাবেন। ব্রাজিলের তারকা নেইমারের ক্যারিয়ার ইনজুরিময়। ঘরের মাঠে ২০১৪ বিশ্বকাপে কলম্বিয়ার বিপক্ষে ম্যাচে ইনজুরিতে পড়েছিলেন নেইমার। ২০১৮ বিশ্বকাপের আগে লম্বা সময় ইনজুরিতে ছিলেন তিনি। ২০১৪ থেকে ২০২০ পর্যন্ত ৪২৪ দিন ইনজুরিতে ছিলেন এই তারকা। কাতার বিশ্বকাপের মধ্যে তিনি ইনজুরিতে পড়েছিলেন। বিশ্বকাপ শেষে ক্লাবের জার্সিতে ফিরেই ইনজুরিতে পড়ে ছয় মাস মাঠের বাইরে ছিলেন এই তারকা। ইনজুরি থেকে ফিরে পিএসজির হয়ে প্রাক মৌসুমের ম্যাচ খেললেও মৌসুম শুরুর আগে আল হিলালে যোগ দেন তিনি। সেখানে নিজের ফুটবল সৌন্দর্য দেখানোর আগেই মৌসুম শেষ তার।

## ওয়ানডে বোলিং র‍্যাংকিংয়ের
# শীর্ষে শাহিন আফ্রিদি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** এবারের বিশ্বকাপে বল হাতে দারুণ পারফর্ম করছেন শাহিন শাহ আফ্রিদি। এখন পর্যন্ত ১৬টি উইকেট শিকার করেছেন ২৩ বছর বয়সী এই পাকিস্তানি পেসার। আর তাতেই অস্ট্রেলিয়ার পেসার জস হ্যাজেলউডকে সরিয়ে প্রথমবারের মতো ওয়ানডে বোলিং র‍্যাংকিংয়ের শীর্ষে উঠে গেলেন তিনি। আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিলের (আইসিসি) সবশেষ প্রকাশিত র‍্যাংকিংয়ে সময়ের সেরা বোলারের মুকুট পরেছেন পাকিস্তানের গতিতারকা।

আইসিসির র‍্যাংকিংয়ে দেখা যায়, অস্ট্রেলিয়ার পেসার হ্যাজেলউড বর্তমানে দ্বিতীয় স্থানে রয়েছেন। শাহিন আফ্রিদির দুর্দান্ত বোলিংয়ের কারণে একধাপ পিছনে যেতে হয়েছে ভারতের পেসার মোহাম্মদ সিরাজ ও দক্ষিণ আফ্রিকার বাঁহাতি স্পিনার কেশব মহারাজকে। দ্বিতীয় স্থান থেকে নেমে সিরাজের অবস্থান এখন তালিকার তিন নম্বরে। আর কেশব মহারাজ তৃতীয় স্থান থেকে সরে চতুর্থ স্থানে অবস্থান করছেন।

## বাজবলকে আবর্জনা বললেন লাবুশানে



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** গত বছরের মে মাসে সাবেক নিউজিল্যান্ড অধিনায়ক ব্রেন্ডন ম্যাককালাম ইংল্যান্ড টেস্ট দলের প্রধান কোচের দায়িত্ব নেওয়ার পর থেকে এই সংস্করণে ভিন্ন ধাঁচের আগ্রাসী ক্রিকেট খেলছে ইংলিশরা। তাদের এই আক্রমণাত্মক ক্রিকেট 'বাজবল' নামে পরিচিতি পেয়েছে।

ইংলিশ ডিকশেনারিতে এবার যুক্ত হতে যাচ্ছে বহুল আলোচিত এই 'বাজবল' শব্দটি। বিষয়টি নিশ্চিত হয়েছে যে পরবর্তী কলিন্স ইংলিশ ডিকশেনারিতে যুক্ত হবে বাজবল শব্দটি। শব্দটিকে ডিকশেনারির জন্য ব্যাখ্যা করা হয়েছে এভাবে, 'এটি টেস্ট ক্রিকেটের এমন একটি ধরন, যেখানে ব্যাটিং দল উচ্চ আগাসী ধাঁচে ব্যাটিং করবে।' অন্যদিকে, বিষয়টিকে স্রেফ আবর্জনা বলে উড়িয়ে দিয়েছেন ইংল্যান্ডের চিরপ্রতিদ্বন্দ্বী অস্ট্রেলিয়া দলের ব্যাটার মারনাশ লাবুশানে।

বিশ্বকাপে এখন পর্যন্ত দুই দল দুই মেরুতে অবস্থান করছে।

বাস্তবিক অর্থে সেমির লড়াই থেকে ছিটকে গেছে ইংল্যান্ড। উল্টো দিকে অস্ট্রেলিয়া সেরা চার নিশ্চিতের পথে আছে। এমন এক ম্যাচের আগে গতকাল লাবুশেনের কাছে বাজবল ডিকশেনারিতে যুক্ত হওয়ার বিষয়ে জানতে চান সাংবাদিকরা। তার উত্তর পছন্দ হওয়ার কথা নয় ইংলিশদের।

লাবুশেন বলেছেন, 'ওহ, তাই? ওটা (বাজবল) তো আবর্জনা।'

পরক্ষণে অবশ্য লাবুশেন যোগ করেন, 'সত্যি বলতে, আমি জানি না ওটা (বাজবল) আসলে কি। আমার কোনো ধারণাই নেই আপনারা কী বলছেন।'

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১ ■ মুখ্য সম্পাদক ঃ ড. রতন কুমার বাড়ৈ
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 19D, Jamir Lane, Kolkata -700019 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR